সংবাদ

তারিখ: 30 DEC 2015
পৃষ্ঠা: ১ কলাম: ১-৬

পঞ্চম-অষ্টম

# সমাপনী পরীক্ষার ফল প্রকাশ কাল

নিজস্ব বার্তা পরিবেশক

আগামীকাল ৩১ ডিসেম্বর একদিনেই পঞ্চম ও অষ্টম শ্রেণির সমাপনী পরীক্ষার ফল প্রকাশ হচ্ছে। অতীতের রেওয়াজ অনুযায়ী বিভিন্ন শিক্ষা বোর্ড এবং প্রাথমিক শিক্ষা অধিদফতরের কর্মকর্তাদের সঙ্গে নিয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান ৩১ ডিসেম্বর সকাল ১০টায় গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে ফলাফলের অনুলিপি তুলে দেবেন। পরে ওইদিন দুপুরে সচিবালয়ে সংবাদ সম্মেলন করে দুই মন্ত্রী ফলাফলের বিভিন্ন দিক তুলে ধরবেন।

২০১৪ সালেও একই দিনে এ দুটি সমাপনী পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছিল।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গতকাল সচিবালয়ে সাংবাদিকদের বলেন, '৩১ ডিসেম্বর বেলা ১টা ৩০ মিনিটে সমাপনী : পৃষ্ঠা : ১৫ ক : ৪

## সমাপনী : পরীক্ষার

(১ম পৃষ্ঠার পর)

সচিবালয়ে সংবাদ সম্মেলন করে জেএসসি (জুনিয়র স্কুল সার্টিফিকেট) ও জেডিসির (জুনিয়র দাখিল সার্টিফিকেট) পরীক্ষার ফলাফলের বিস্তারিত তুলে ধরা হবে। এর পর পরই ফলাফল ওয়েবসাইটে দেয়া হবে।

আর বেলা সাড়ে ১২টায় প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী নিজ মন্ত্রণালয়ে সংবাদ সম্মেলনে পঞ্চম শ্রেণির প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার ফলের বিস্তারিত প্রকাশ করবেন বলে গতকাল মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা রবীন্দ্রনাথ রায় সংবাদকে জানিয়েছেন। শিক্ষা বোর্ডগুলোর ওয়েবসাইট (www.educationboardresults.gov.bd) ছাড়াও নিজ নিজ বোর্ডের ওয়েবসাইট থেকে জেএসসি-জেডিসির ফল জানা যাবে। আর (www.dpe.gov.bd) এবং টেলিটকের ওয়েবসাইট (http://dpe.teletalk.com.bd) থেকে প্রাথমিক ও এবতেদায়ী সমাপনীর ফল জানা যাবে। গত ১ থেকে ১৮ নভেম্বর অনুষ্ঠিত জেএসসি-জেডিসিতে এবার অংশ নেয় ২৩ লাখ ২৫ হাজার ৯৩৩ জন শিক্ষার্থী। এরপর ২২ থেকে ৩০ নভেম্বর অনুষ্ঠিত হয় প্রাথমিক ও এবতেদায়ী সমাপনী পরীক্ষা, যাতে অংশ নেয় ৩২ লাখ ৫৪ হাজার ৫১৪ জন শিক্ষার্থী।